শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ৫ম কর্পোরেশন সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ ।। ০২ মার্চ ২০২১ সময় : সকাল ১১.০০ টা
স্থান : রাওয়া কনভেনশন হল, মহাখালী, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ২২ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ লিয়াকত আলী। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। উন্নয়নশীল দেশের সব সূচক অর্জন করায় সকল কাউন্সিলর ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে বাংলাদেশে করোনা ভ্যাকসিন কার্যক্রম পরিচালিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভাপতি বলেন, ওয়াসার খাল ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে হস্তান্তর করা হয়েছে। কিন্তু খাল উন্নয়নে বাজেট বরাদ্দ নেই। বরাদ্দের জন্য অপেক্ষা না করে ডিএনসিসি'র সামর্থ্য অনুযায়ী খাল পরিষ্কার কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তিনি আরো বলেন, ডিএনসিসি যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে যেনো কোন মতেই জলাবদ্ধতার সৃষ্টি না হয়। খালের পানি প্রবাহ অটুট রাখতে ডিএনসিসি কাজ করে যাচ্ছে মর্মে সভাপতি সকলকে অবহিত করেন। ইস্টার্ন হাউজিং, আফতাবনগর এলাকায় খালের পানি প্রবাহ বিঘ্ন ঘটিয়ে পিট কালভার্ট বসানো হয়েছে। এ সকল পিট ও কালভার্ট অপসারণ করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে খাল অবৈধ দখল উদ্ধারে সামনে থেকে নেতৃত্ব প্রদানের জন্য মাননীয় মেয়র আহ্বান জানান। খালের যে সকল স্থানে প্রতিবন্ধকতা আছে তা বর্ষার আগেরই অপসারণ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ওয়াসার খাল বিষয়ক চলমান প্রকল্প ডিএনসিসি'র কাছে হস্তান্তর করার জন্য জোর তৎপরতা চলছে। ওয়াসা হতে দক্ষ জনবল ডিএনসিসিতে অন্তর্ভূক্ত করা হবে।

সভাপতি বলেন, মাটিকাটা-ভাষানটেক রাস্তা প্রশস্ত করা হয়েছে। রাস্তার দুপাশের অবৈধ স্থাপনাও উচ্ছেদ করা হয়েছে। ডিএনসিসি'র সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর ও উর্ধ্বতন কমকর্তাদের মাটিকাটা-ভাষানটেক রাস্তা প্রশস্ত করণের কাজটি দ্রুত সম্পন্ন করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি বলেন, ডিএনসিসি'র এ মুহূর্তে সব চেয়ে বড় চ্যালেঞ্জ রাজস্ব আদায়। প্রতি শনিবার সকল কাউন্সিলরকে রাজস্ব আদায়ের কাজে রাজস্ব বিভাগের সাথে নেতৃত্ব প্রদানের জন্য তিনি বিশেষভাবে অনুরোধ জানান। নয়াবাদী আদায়ের কাজেও সম্মানিত কাউন্সিলরদের নেতৃত্ব দেওয়ার অনুরোধ করেন। প্রতি শনিবার স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলরগণকে ক্যাম্প স্থাপন করে নয়াবাদী নিষ্পত্তি ও রাজস্ব আদায়ের জন্য সভাপতি অনুরোধ জানান। সর্বোচ্চ আদায়কারী ওয়ার্ডে উন্নয়ন কাজে সর্বোচ্চ বরাদ্দ প্রদান করা হবে বলে সভাপতি জানান। রাজস্ব আদায়ে চিরুনি অভিযান পরিচালনা করার জন্যও তিনি রাজস্ব বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি সভাকে অবহিত করেন যে, রাজস্ব আদায়ে গতিশীলতা আনতে Online Tax Payment gateway চালু করা হচ্ছে। সকল ব্যাংক এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রাজস্ব আদায়ের পেমেন্ট গেটওয়ে চালু করা হবে। আগামী এপ্রিল/মে মাসের মধ্যে জনগণ ঘরে বসে হোল্ডিং ট্যাক্স প্রদান করতে পারবে, এতে করে হয়রানি লাঘব হবে।

মাননীয় মেয়র বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "সবার ঢাকা অ্যাপস" সকল মহলে দারুণ প্রশংসিত হয়েছে। এটার গ্রহণযোগ্যতা দিন দিন বাড়ছে। মানুষের বিশ্বাসযোগ্যতা বাড়ছে। তিনি সকল সম্মানিত কাউন্সিলর এবং সকল কর্মকর্তাদের "সবার ঢাকা অ্যাপস" ডাউনলোড করার অনুরোধ জানান।

বাসাবাড়ি থেকে পয়োবর্জ্য যেন খালে সরাসরি সংযোগ দিতে না পারে সেজন্য অভিযান পরিচালনার কথা উল্লেখ করে সভাপতি সম্মানিত কাউন্সিলরদের এ বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ জানান। নগরীতে মশার উৎপাত বৃদ্ধি প্রসংগে সভাপতি বলেন, মশক কর্মীরা নির্ধারিত সময় দায়িত্ব পালন করে না। সাড়ে তিন ঘন্টা স্প্রে করার নিয়ম থাকলেও মাত্র ৩০/৪০ মিনিট কীটনাশক ছিটানোর পর মশক কর্মীরা চলে যায়। কাউন্সিলরদের মশক কর্মীর কাজ মনিটরিং এর জন্য তিনি অনুরোধ জনান।

সভাপতি বলেন, ৮ মার্চ ২০২১ হতে মশক নিধন কাজে সংশ্লিষ্ট সকল কর্মচারীকে একত্রিত করে অঞ্চল ভিত্তিক ক্রাশ প্রোগ্রাম শুরু হবে। প্রায় ১২০০ কর্মী একই সময়ে এক অঞ্চলে কাজ শুরু করবে। ফগিং, লার্ভিসাইডিং এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম একত্রে চলবে। অঞ্চল-২ থেকে এ কার্যক্রম আরম্ভ করা হবে। সকাল ৬.০০টা থেকে শুরু হওয়া এ কার্যক্রমে সম্মানিত কাউন্সিলরগণ নেতৃত্ব প্রদান করবে।

অতপরঃ সভাপতির অনুমতিক্রমে নিম্নরূপ এজেন্ডা ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়।

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১** | : | **বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।** |
| আলোচনা | : | বিগত ২১ ডিসেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২** | : | **২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।** |
| আলোচনা | : | বিগত ২১ ডিসেম্বর ২০২০তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত ২১ ডিসেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৩** | : | **জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কে অবহিতকরণ।** |
| আলোচনা | : | সভায় জানানো হয়, আগামী ২৫-৩১ অক্টোবর ২০২১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' সারাদেশে এক যোগে অনুষ্ঠিত হবে।<br>উক্ত কার্যসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনে সহযোগিতা করার জন্য সিটি কর্পোরেশন এলাকায় মাননীয় মেয়র এর নেতৃত্বে শুমারি/জরিপ কমিটি এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ড শুমারি/জরিপ কমিটি গঠন করা হবে।<br>উক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। |
| সিদ্ধান্ত | : | আগামী ২৫-৩১ অক্টোবর ২০২১ অনুষ্ঠেয় ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' কর্মসূচিতে সম্মানিত কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে সার্বিক প্রশাসনিক সহায়তা প্রদানের জন্য আহ্বান জানানো হয়। |
| বাস্তবায়ন | : | সম্মানিত কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | **৮১ গুলশান এভিনিউ ও বনানী কমিউনিটি সেন্টার এর আধুনিকায়ন কাজ তরান্বিতকরণ।** |
| আলোচনা | : | সভায় জানানো হয়, ৮১ গুলশান এভিনিউ ও বনানী কমিউনিটি সেন্টার এর আধুনিকায়নের জন্য ১ম পরিষদের ৫ম কর্পোরেশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ৮১ গুলশান এভিনিউ ও বনানী কমিউনিটি সেন্টার এর আধুনিকায়ন কাজ তরান্বিত করার জন্য মাননীয় মেয়র নির্দেশনা প্রদান করেছেন। সে প্রেক্ষিতে আধুনিকায়ন কাজ শুরু করার বিষয়ে সভায় আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | : | ৮১ গুলশান এভিনিউ ও বনানী কমিউনিটি সেন্টার এর আধুনিকায়ন কাজ নতুন করে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৫** | : | **মেয়র হাউজ নির্মাণ কাজ ত্বরান্বিত করা।** |
| আলোচনা | : | গুলশান ৯০ নম্বর রোডে যেখানে রাজস্ব বিভাগ ও আইন বিভাগের দপ্তর রয়েছে সেখানে মেয়র হাউজ নির্মাণ করার পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। |
| সিদ্ধান্ত | : | গুলশান ৯০ নম্বর রোডে মেয়র হাউজ নির্মাণ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৬** | : | **ঢাকা ওয়াসা কর্তৃক হস্তান্তরিত খালসমূহের মেরামত, রক্ষণাবেক্ষণ এবং অবকাঠামো প্রস্তুত ও খালের উভয় পার্শ্বে সৌন্দর্যবর্ধণ কাজের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে নতুন ৫ (পাঁচ)টি খাতে বরাদ্দ পুনঃউপযোজনের মাধ্যমে 'জিওবি প্রকল্পের ডিএনসিসি'র অংশ/অর্থায়ন খাতে বরাদ্দকৃত ৯০.০০ (নব্বই) কোটি টাকা হতে ৩০.০০ (ত্রিশ কোটি) টাকা বরাদ্দ প্রসঙ্গে।** |
| আলোচনা | : | গত ৩১/১২/২০২০ খ্রি. তারিখে ঢাকা মহানগরীর জলাবদ্ধতা নিরসনে ডিএনসিসি'র অধিক্ষেত্রভুক্ত ঢাকা ওয়াসার আওতাধীন খালসমূহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে হস্তান্তরের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা ওয়াসা কর্তৃক হস্তান্তরিত খালসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং অবকাঠামো প্রস্তুত, খালের উভয় পার্শ্বে |

| | | |
|---|---|---|
| | | সৌন্দর্যবর্ধণ, খালসমূহ উদ্ধার, পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ডিএনসিসি'র ২০২০-২০২১ অর্থ বছরে নতুন ৫ (পাঁচ)টি খাতে পুনঃউপযোজনের মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে 'জিওবি প্রকল্পের ডিএনসিসি'র অংশ/অর্থায়ন খাতে বরাদ্দকৃত ৯০.০০ (নব্বই) কোটি টাকা হতে ৩০.০০ (ত্রিশ কোটি) টাকা বাজেটে নিম্নবর্ণিত নতুন ৫ (পাঁচ)টি খাতে বরাদ্দ প্রদানের প্রস্তাব করা হয়: |

| খাত/বিবরণ | টাকা (কোটি টাকা) |
|---|---|
| খাল মেরামত ও রক্ষণাবেক্ষণ (পুরকৌশল) খাতে বরাদ্দ | ৮.০০ |
| পাম্প হাউজ মেরামত ও রক্ষণাবেক্ষণ (যান্ত্রিক) খাতে বরাদ্দ | ৩.০০ |
| খাল পরিষ্কারকরণ (বর্জ্য ব্যবস্থাপনা) খাতে বরাদ্দ | ১১.০০ |
| খাল পুনঃবাসন উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন খাতে বরাদ্দ | ৭.০০ |
| পাম্প হাউজের যন্ত্রপাতি ও আধুনিকায়ন ও ক্রয় খাতে বরাদ্দ | ১.০০ |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | ঢাকা ওয়াসা কর্তৃক হস্তান্তরিত খালসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং অবকাঠামো প্রস্তুত, খালের উভয় পার্শ্বে সৌন্দর্যবর্ধণ, খালসমূহ উদ্ধার, পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ডিএনসিসি'র ২০২০-২০২১ অর্থ বছরে নতুন ৫ (পাঁচ)টি খাতে পুনঃউপযোজনের মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে 'জিওবি প্রকল্পের ডিএনসিসি'র অংশ/অর্থায়ন খাতে বরাদ্দকৃত ৯০.০০ (নব্বই) কোটি টাকা হতে ৩০.০০ (ত্রিশ কোটি) টাকা বাজেটে নিম্নবর্ণিত নতুন ৫ (পাঁচ)টি খাতে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়: |
| বাস্তবায়ন | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৭ | : | **স্থায়ীভাবে কবর সংরক্ষণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন।** |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা নিম্নবর্ণিত ০৪টি কবর স্থায়ীভাবে সংরক্ষণের বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন:<br><br>১. উত্তরা ৪নং সেক্টর কবরস্থানের সংরক্ষিত এলাকায় ১৯/১২/২০০২ খ্রিঃ তারিখ দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম সরওয়ার আলম এর কবরটি বিনামূল্যে আজীবন সংরক্ষণ করার জন্য মিসেস সুলতানা আলম, বাড়ি নং ৩১৩ (৩য় তলা), সড়ক নং-২১, নিউ ডিওএইচ এস, মহাখালী, ঢাকা-১২০৬ কর্তৃক আবেদন করা হয়েছে।<br>২. বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় গত ২৭/১১/২০২০ খ্রি. তারিখে দাফনকৃত বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক বীর মুক্তিযোদ্ধা মরহুম আলী যাকের এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণের জন্য জনাব ইরেশ যাকের, গলফ হাইটস, ফ্ল্যাট ৯/সি, ১, আন্তর্জাতিক বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১৩ কর্তৃক আবেদন করা হয়েছে।<br>৩. মিরপুর শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের সংরক্ষিত এলাকায় গত ১৯/১০/২০১৮ খ্রিঃ তারিখে দাফনকৃত মরহুম ইহতেশামুল আরিফ অনিক এর কবরটি বিনামূল্যে সংরক্ষণ ও পাকা করার জন্য ড. শাহনাজ আরেফিন এনডিসি, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ও ফ্ল্যাট এ-৪, ১৩/৩, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ কর্তৃক আবেদন করা হয়েছে।<br>৪. মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে গত ০৩/০৭/২০১৮ তারিখে দাফনকৃত ভাষা সৈনিক মরহুম ড. হালিমা খাতুন এর কবর বিনামূল্যে স্থায়ীভাবে সংরক্ষণের জন্য জনাব প্রজ্ঞা লাবনী আবেদন করেছেন। |
| সিদ্ধান্ত | : | বর্ণিত ০৪ (চার)টি কবর স্থায়ীভাবে সংরক্ষণের প্রস্তাবনা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৮ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪০নং ওয়ার্ডের সড়ক উন্নয়নের জন্য জায়গা হস্তান্তর প্রসঙ্গে।** |
| আলোচনা | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ৪০নং ওয়ার্ডের সড়ক উন্নয়নের জন্য ব্যক্তি মালিকানাধীন ভূমির মালিকানা ডিএনসিসি বরাবর হস্তান্তরের জন্য সংরক্ষিত আসন নং-১৩ এর সম্মানিত কাউন্সিলর গত ১৮/০৮/২০২০ খ্রি. তারিখে আবেদন করেছেন। কিন্তু হস্তান্তরের জন্য প্রস্তাবিত ভূমির মালিকানা স্বপক্ষে দালিলিক প্রমাণাদি (সি.এস; এস.এ; আর এস; সিটি জরিপ এর খতিয়ানসমূহ) দাখিল করা হয়নি। |
| সিদ্ধান্ত | : | ব্যক্তি মালিকানাধীন জমির মালিকানা ডিএনসিসি বরাবর হস্তান্তরের লক্ষ্যে দাখিলকৃত অঙ্গীকারনামায় স্বাক্ষরকারী ভূমির মালিকদের ভূমির মালিকানার দালিলিক রেকর্ড পত্রাদি (সি.এস; এস.এ; আর এস; সিটি জরিপ এর খতিয়ানসমূহ) প্রদান সাপেক্ষে রাস্তার মালিকানা গ্রহণ করা হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৯ | : | বিবিধ |
|---|---|---|
| আলোচনা | | ১. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-১৩) জনাব মোঃ ইসমাইল মোল্লা কাউন্সিলরদের সম্মানি ভাতা, আপ্যায়ন ভাতা এবং অফিস ভাড়া বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br><br>২. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-২) জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন তাঁর ওয়ার্ডের সাংবাদিক খাল জরুরি ভিত্তিতে পরিষ্কারের জন্য অনুরোধ জানান। এছাড়াও ২০০ গজ রাস্তার অবৈধ দখল উচ্ছেদ করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br><br>৩. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৭) জনাব মোঃ তফাজ্জল হোসেন জরুরি ভিত্তিতে খালের অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।<br><br>৪. সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত ওয়ার্ড-১) জনাব হাছিনা বারি চৌধুরী খিলক্ষেত উত্তর নামাপাড়ার জলাবদ্ধতা নিরসনের পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। অতপর তিনি বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের দীর্ঘসূত্রিতা উল্লেখ করে উন্নয়ন কাজে তদারকি বাড়াতে কাউন্সিলরদের সম্পৃক্ত করার অনুরোধ জানান।<br><br>৫. সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত ওয়ার্ড-১৭) জনাব জাকিয়া সুলতানা বলেন, সংরক্ষিত আসনের কাউন্সিলরদের প্রয়োজনীয় সংখ্যক মশককর্মী প্রদান করা হলে মশক নিধন কার্যক্রম আরো বেগবান হবে।<br><br>৬. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৩৩) জনাব আসিফ আহমেদ বলেন, খালের সীমানা বিষয়ক তথ্যগুলো কাউন্সিলরদের সরবরাহ করা হলে উচ্ছেদ কার্যক্রম দ্রুত আরম্ভ করা যাবে। এছাড়াও তার ওয়ার্ডে অবস্থিত ২২টি খালের বেশ কিছু স্থাপনা উচ্ছেদযোগ্য উল্লেখ করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করার অনুরোধ করেন।<br><br>৭. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৫২) জনাব মোঃ ফরিদ আহমেদ তাঁর ওয়ার্ডের খালগুলো অবৈধভাবে দখল রুখতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান। তিনি নতুন অঞ্চলের ওয়ার্ড কার্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়নের অনুরোধ করেন। এছাড়াও প্রশাসনিক কাজের সুবিধার্থে আঞ্চলিক কার্যালয়গুলো দ্রুত সংশ্লিষ্ট অঞ্চলে স্থাপনের অনুরোধ জানান।<br><br>৮. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৪৯) জনাব আনিছুর রহমান নাঈম বলেন, তার ওয়ার্ডে জলাবদ্ধতা সমস্যা গত বছর প্রকট আকার ধারণ করেছিলো। সামনে বর্ষা মৌসুমে তা আবারো প্রকট আকার ধারণ করবে উল্লেখ করে এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও তার এলাকায় অবৈধভাবে স্থাপিত এশিয়ান সিটি কর্তৃক দখলকৃত ০৪ (চার)টি রাস্তা উদ্ধারে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান।<br><br>৯. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-২৫) জনাব আব্দুল্লাহ আল মঞ্জুর বলেন, তার ওয়ার্ডে অবস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয় ও কার্যালয়ের স্টাফ কোয়ার্টারে ৫/৬ জন মশক কর্মী কাজ করে থাকেন। ফলে অন্যান্য এলাকায় মশক কর্মীর স্বল্পতা দেখা দেয় এবং কর্মী স্বল্পতায় মশক নিধন কার্যক্রম ব্যহত হচ্ছে উল্লেখ করে তার ওয়ার্ডে মশক নিধন কর্মী বাড়ানোর অনুরোধ জানান।<br><br>১০. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৩৯) জনাব মোঃ শফিকুল ইসলাম তাঁর ওয়ার্ডে উন্নয়ন কাজ না হওয়ার কারণে জনমনে অসন্তুষ্টি বাড়ছে উল্লেখ করে ওয়ার্ডে দৃশ্যমান উন্নয়ন কার্যক্রম পরিচালনার বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।<br><br>১১. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-১৪) জনাব মোঃ হুমায়ুন রশিদ ওয়ার্ড ভিত্তিক পৃথক উন্নয়ন পরিকল্পনা করার অনুরোধ করেন। তিনি ডিএনসিসি'র প্রধান কার্যালয়ে কাউন্সিলরদের জন্য একটি পৃথক কক্ষ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন, সিটি কর্পোরেশনে রিক্সা লাইসেন্স প্রদান আনুষ্ঠানিকভাবে বন্ধ থাকলেও রিক্সার সংখ্যা প্রতিদিন বৃদ্ধি পাচ্ছে। এসব অবৈধ রিক্সাকে লাইসেন্স প্রদানের মাধ্যমে বৈধ করা হলে কর্পোরেশনের রাজস্ব আয় বাড়বে। এ বিষয়ে তার ওয়ার্ডে পাইলট ভিত্তিতে রিক্সা লাইসেন্স প্রদান শুরু করা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। |

১২. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৩২) জনাব সৈয়দ হাসান নুর ইসলাম তাঁর ওয়ার্ডে বেওয়ারিশ কুকুরের উপদ্রব বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন। তিনি বলেন, জনবহুল জেনেভা ক্যাম্পে ২০টি বাথরুম নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ক্যাম্পের লোকজনের অনেক উপকার হবে। জেনেভা ক্যাম্পে পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যা অপর্যাপ্ত উল্লেখ করে তিনি পরিচ্ছন্নতা কর্মী বৃদ্ধির জন্য অনুরোধ করেন।

১৩. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-১৭) জনাব মোঃ ইসহাক আলী ওয়ার্ড ভিত্তিক রাজস্ব আদায়ের কেন্দ্র সপ্তাহে ২দিন করার অনুরোধ করেন। এছাড়াও জন ও যান চলাচলের সুবিধার্থে বসুন্ধরা প্রধান ফটকের সামনে অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান।

১৪. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-২২) জনাব মোঃ লিয়াকত আলী তার ওয়ার্ডে পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যা বৃদ্ধি করলে পরিচ্ছন্নতার মান বৃদ্ধি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও মৃত/অবসরপ্রাপ্ত পরিচ্ছন্নতা কর্মীদের যোগ্য পোষ্যদের নিয়োগ অব্যাহত থাকলে কর্মীগণ বহুগুন উৎসাহ পাবে বলে তিনি মতামত ব্যক্ত করেন।

১৫. সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড-৬) জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী (বাপ্পি) বলেন, ইস্টার্ণ হাউজিং এরিয়া থেকে বেরিবাঁধ যাওয়ার রাস্তাটি বর্ষাকালে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কারের অনুরোধ করেন। তিনি বলেন, তাঁর এলাকায় কবরস্থানের সংকট রয়েছে। প্রয়োজনে জমি অধিগ্রহণ করেও একটি কবরস্থান স্থাপন করার আহ্বান জানান।

**বিবিধ সিদ্ধান্ত** : বিবিধ আলোচনায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | কাউন্সিলর কার্যালয়ে জনবল বৃদ্ধি করা । | সচিব দপ্তর |
| ২ | কাউন্সিলরদের সম্মানি ভাতা, আপ্যায়ন ভাতা এবং অফিস ভাড়া বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হবে। | সচিব দপ্তর |
| ৩ | বিভিন্ন ওয়ার্ডের খাল পরিষ্কারসহ অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সম্পত্তি বিভাগ<br>২. বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৪ | আঞ্চলিক কার্যালয়ের জন্য দ্রুত বাড়ি ভাড়া করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল ৬-১০, ডিএনসিসি |
| ৫ | জেনেভা ক্যাম্পে অতিরিক্ত পরিচ্ছন্নতা কর্মী প্রদান করতে হবে। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৬ | বেওয়ারিশ কুকুরের বন্ধ্যাকরণ ও জলাতঙ্করোধী ভ্যাকসিন প্রদান জোরদার করা হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ৭ | জেনেভা ক্যাম্পে প্রয়োজনীয় সংখ্যক বাথরুম নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ৮ | সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী (বাপ্পি) এর সাথে আলোচনা করে নতুন কবরস্থান নির্মাণ বা সম্প্রসারণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>২. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ আতিকুল ইসলাম**
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০- ২০৫

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৮ জুন ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........../সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ............................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ...................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. ......................................................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৪–৬) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী ............................................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. প্রকল্প পরিচালক, .................................................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী প্রকৌশলী , ................................................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা .......................................................................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. কর কর্মকর্তা, ............................................................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

০৮/৬/২১

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।